Binani

BRA} SINANI GROUP

Date: May 27, 2024

The Secretary
The Calcutta Stock Exchange Limited, 7,
Lyons Range,Kolkata- 700001
Code; 12026

Asst. Vice President
National Stock Exchange of India Limited
Exchange Plaza, 5th Floor,
Plot No. C/1, G Block,
Bandra Kurla Complex,
Bandra (East),
Mumbai- 400051
Code: BINANIIND

General Manager- DCS
BSE Limited,
Corporate Relationship Department
1st Floor, New Trading Ring,
Rotunda Building, P. J. Towers,
Dalai Street, Fort,
Mumbai- 400001
Code: 500059

Sub: Newspaper advertisement of Audited Financial Results for the Fourth Quarter and year Ended 31st March, 2024 pursuant to Regulation 30 read with Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.

Dear Sir / Madam,

This is to inform you that at the meeting of the Board of Directors of the Company held on Monday, 27th May, 2024 the Board of Directors of the Company considered and approved the Audited Financial Results for the Fourth Quarter and year Ended 31st March, 2024

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (Listing Regulations), the Company has also published an advertisement in the òFinancial Expressó (English Language) and òAaj Kal (Kolkata)ó (Bangla Language). The copies of e-paper advertisements are enclosed herewith.



Aajkaal: 29.05.2024: Kolkata, Siliguri

কলকাতা দক্ষিণ কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী মালা রায়ের সমর্থনে পদযাত্রায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। রয়েছেন ফিরহাদ হাকিম, বাবুল সুপ্রিয়, বৈশ্বানর চ্যাটার্জি, অসীম বসু, প্রিয়দর্শিনী হাকিম ও দেবাশিস কুমার। গাড়িতে রয়েছেন প্রার্থী মালা রায়। বেকবাগানে। ডানদিকে, দমদম কেন্দ্রের তৃণমূল প্রার্থী সৌগত রায়ের সমর্থনে মুখ্যমন্ত্রীর সঙ্গে পদযাত্রায় চন্দ্রিমা ভট্টাচার্য, নির্মল ঘোষ, ব্রাত্য বসু, সুজিত বসু ও পার্থ ভৌমিক। বিরাটিতে। মঙ্গলবার। ছবি: দীপক গুপ্ত ও ভবতোষ চক্রবর্তী

মোদির রোড শোয়ে প্রার্থীরা আড়ালে

আজকালের প্রতিবেদন

শেষ দফার লোকসভা নির্বাচনের আগে কলকাতায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির রোড শোয়ে তাল কাটল। যে প্রার্থীদের সমর্থনে প্রচারে এসেছিলেন মোদি, তাঁরাই রইলেন পেছনে! প্রধানমন্ত্রীর রোড শোয়ের গাড়িতে উঠে পড়লেন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। হঠাৎই খেয়াল হয়, মোদির গাড়িতে দুই প্রার্থী তাপস রায় ও শীলভদ্র দত্ত নেই। ততক্ষণে জনতার উদ্দেশে হাত নাড়া শুরু করে দিয়েছেন মোদি। এরপর তড়িঘড়ি তাঁদের গাড়িতে নিয়ে আসা হয়। নির্ধারিত সময়ের একঘণ্টা পরে শ্যামবাজার থেকে শুরু হয় রোড শো।

এদিন বারুইপুর এবং অশোকনগরে দুটি জনসভা করেন প্রধানমন্ত্রী। এদিনও তাঁর বিশেষ কিছু বলার ছিল না। চর্বিতচর্বণই ছিল। বারুইপুরের সভামঞ্চে 'বাংলার মাটি বাংলার জল' গানের কয়েকটি লাইন বলেন মোদি। কিন্তু তারপরই উচ্চারণের জন্য ক্ষমাও প্রার্থনা করেন। এর আগেও তাঁর উচ্চারণভঙ্গি আলোচনায় এসেছিল। তাই এদিন সময় না দিয়ে নিজেই ক্ষমা প্রার্থনা করে ড্যামেজ কন্ট্রোল করলেন বলে মনে করছেন অনেকেই। এদিনও তাঁর 'গ্যারান্টি'র প্রচার আরেক দফা সেরে গেলেন মোদি। এবারও সোলার প্যানেলের টাকা দেওয়ার পাশাপাশি বলে ফেললেন মহিলাদের নামে পাকা বাড়ি গড়ে দেবেন। এছাড়াও বিনামূল্যে পাঁচ বছর চাল ইত্যাদি ইত্যাদি। এদিন বারাসত এবং বসিরহাটে ছিলেন দলীয় প্রার্থী স্বপন মজুমদার ও রেখা পাত্র। অন্যদিকে যাদবপুরের বিজেপি প্রার্থী অনির্বাণ গাঙ্গুলি এবং কলকাতা দক্ষিণ কেন্দ্রের প্রার্থী দেবশ্রী চৌধুরির সমর্থনে তিনি ভাষণ দেন। এদিনও দুটি সভা থেকেই ভূরি ভূরি প্রতিশ্রুতি দিয়েছেন। কলকাতায় এসে প্রথমেই 'মায়ের বাড়ি'তে যান। সেখান থেকে শ্যামবাজারে গিয়ে নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তিতে মাল্যদান করেন। এরপর সিমলা স্ট্রিট পর্যন্ত রোড শো করেন মোদি। যান স্বামী বিবেকানন্দের বাড়িতেও।

তথ্যসূত্র: সব্যসাচী সরকার, নিরুপম সাহা ও গৌতম চক্রবর্তী

বাংলার ভাল দেখতে পারেন না: মুখ্যমন্ত্রী

● ১ পাতার পর

কয়েকবার কেন্দ্রীয় মন্ত্রী ছিলাম। আমি যখন ক্রীড়ামন্ত্রী ছিলাম, সেই সময় নইমুদ্দিনকে দ্রোণাচার্য সম্মানে সম্মানিত করি। বুলা চৌধুরিকে বলেছিলাম, ৮টার মধ্যে যদি ৬টা পুরস্কার আনতে পার, তাহলে তোমাকে অর্জুন পুরস্কার দেব। এনেছিল। এবং পুরস্কার দিয়েওছিলাম। বিজেপির সভাপতি জে পি নাড্ডার সমালোচনা করে বলেন, প্রধানমন্ত্রী নাকি সব দেবতার রাজা। যদি দেবতাই হন, তাহলে নির্বাচনে কেন? মন্দিরে ঢুকে পড়ুন। গর্ভগৃহে গিয়ে থাকুন। আমরা আপনার পুজো করব। মন্দির করে দেব। ভোগ রান্না করে দেব। অনেক কাজ করেছি। এখন আমার একটাই কাজ বাকি আছে। বিজেপিকে হঠানো। ইডি, সিবিআই যেসব টাকা উদ্ধার করেছে, সেই সব টাকা ফেরত দিতে হবে সাধারণ মানুষকে। এমনিতেই সব বিক্রি করে দিয়েছে। শুনলাম তিনি নেতাজির কথা বলেছেন। মূর্তিতে মালা দিয়েছেন। বাংলায় এসে যদি ঘোষণা করতেন, ২৩শে জানুয়ারি জাতীয় ছুটি দেওয়া হবে, তাহলে আমি সবচেয়ে বেশি খুশি হতাম। এই জাতীয় ছুটি দেওয়ার জন্য বহু লড়াই করেছি। এখনও করছি। দিল্লিতে ক্ষমতায় এলে নিশ্চয় জাতীয় ছুটি দেওয়া হবে। এনআরসি, ক্যা আমরা করতে দেব না। অসমে ডিটেনশন ক্যাম্পে যাঁরা রয়েছেন, তাঁদের দুর্দশার কথা আমরা জানি। বাংলায় এসব চলবে না। 'ইন্ডিয়া' জোট ক্ষমতায় এলে সব বাতিল করে দেওয়া হবে।

মোদিকে উদ্দেশ করে মমতা বলেন, এঁরা মানুষের কষ্ট বুঝতে চান না। আগে বেহালা কী ছিল আর এখন কী হয়েছে, তা সকলেই জানে। কেন্দ্র থেকে কোনও টাকা আসেনি। মোদি যদি আবার আসে, আরও ভয়ঙ্কর হয়ে উঠবেন। দেশে নির্বাচন হবে না। এক দল ছাড়া অন্য দল থাকবে না। স্বৈরতন্ত্রের ঊর্ধ্বে চলে যাবে। এসব আমরা মানব না। ওঁকে হারাতেই হবে। সিপিএম-কে হারাতে পেরেছি, আর বিজেপির দু-একটা নেতাকে হারাতে পারব না?

পদযাত্রায় জনজোয়ার

● ১ পাতার পর

এক মহিলা তো নিরাপত্তা বেষ্টনী টপকে সটান হাজির মমতার সামনে। নিরাপত্তারক্ষীরা আটকালেও মমতা বুকে টেনে নেন। পায়ে হাত দিয়ে প্রণাম করে উল্লাসে ফেটে পড়েন ওই মহিলা। গোটা পদযাত্রাতেই অনেকে মমতাকে পুষ্পস্তবক তুলে দেন। মুখ্যমন্ত্রীও জনতার ভালবাসার প্রত্যুত্তরে মাঝেমধ্যেই এগিয়ে যান ভিড়ের দিকে। কথা বলেন ভোটারদের সঙ্গে। প্রায় ৫০ মিনিট ধরে চলে মমতার পদযাত্রা। শেষ হয় বালিগঞ্জ ফাঁড়িতে। গোটা যাত্রাপথেই রাস্তার দু'পাশে ছিল তুমুল ভিড়। সঙ্গে কর্মী-সমর্থকদের উচ্ছ্বাস। কলকাতার দুই প্রার্থীই মিছিলে উপস্থিত ছিলেন। প্রথম থেকেই মমতার পাশে হাঁটেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। ছিলেন দেবাশিস কুমার-সহ তৃণমূলের একাধিক হেভিওয়েট নেতা। ১ জুন, সপ্তম দফায় দমদম, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ কেন্দ্রে নির্বাচন।

ম্যাজিক পেনে উধাও টাকা

আজকালের প্রতিবেদন: বিদেশে যাওয়ার ব্যবস্থা করে দেওয়ার জন্য এজেন্টকে ৬টি ১০০ টাকার চেক দিয়েছিলেন এয়ারপোর্ট থানা এলাকার মাইকেল নগরের এক বাসিন্দা। ওই এজেন্টই তাঁকে চেক লেখার জন্য পেন দিয়েছিল। পরে জানা যায়, আসলে সেটি ম্যাজিক পেন। এজেন্ট প্রতিটি চেকে তাঁর লেখা টাকার অঙ্ক মুছে ৯৯,০০০ টাকা করে লিখে নেয়। প্রতারণার অভিযোগ পেয়েই বিধাননগর কমিশনারেটের পুলিশ দ্রুত ব্যাঙ্কের সঙ্গে কথা বলে ওই চেকগুলিতে অর্থপ্রদান বন্ধ করে দেয়। এরপর আইনি প্রক্রিয়া মেনে মাইকেল নগরের ওই বাসিন্দার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ফেরত পাঠানো হয় ৩ লক্ষ ৯৬ হাজার টাকা।

৩৩ আসনের মধ্যে ২৩ হয়েই গেছে

● ১ পাতার পর

তাঁর অভিযোগ, ছয়ের দশক থেকে এই এলাকা বামেদের দখলে ছিল। কোনও দিন একটি উন্নয়নের কাজও করেনি। রাস্তাঘাট, পানীয় জল, বিদ্যুৎ প্রভৃতি কোনও কিছুই করেনি। উল্টে ভাঙারিয়া, পানাকুয়া, কুলের দাঁড়ি প্রভৃতি এলাকায় ধমকে-চমকে গুলি, বন্দুক দিয়ে কীভাবে ভোট করত, তা সবার জানা। ভাবুন তো ২০০৯ সালের আগের কথা। তৃণমূলের পতাকা লাগালে কর্মীদের মারধর করত। আর তৃণমূল ক্ষমতায় আসার পর 'পথশ্রী' প্রকল্পে এখানে বহু রাস্তাঘাট হয়েছে। জলের প্রকল্প হয়েছে। কন্যাশ্রী, রূপশ্রী প্রভৃতি প্রকল্প চালু করা হয়েছে। প্রতিটি মায়েদের জন্য লক্ষ্মীর ভাণ্ডার করে দেওয়া হয়েছে।' তিনি বলেন, 'বিজেপির নেত্রী ভয় দেখাচ্ছে, মায়েদের লক্ষ্মীর ভাণ্ডার নাকি বন্ধ করে দেওয়া হবে। ভয় পাবেন না। যত দিন আপনারা তৃণমূলকে সমর্থন করবেন, তত দিন কেউ এমনকী দেশের প্রধানমন্ত্রীও আপনাদের লক্ষ্মীর ভাণ্ডার বন্ধ করতে পারবে না।' প্রধানমন্ত্রীর সফরকে কটাক্ষ করে তিনি বলেন, 'এখানে সভা করতে আসছেন তিনি। ভোট চাইতে আসছেন। অথচ এখানকার গরিব মানুষের টাকা দিল্লিতে আটকে রেখেছেন। ১০০ দিনের গরিব মানুষের টাকা দিল্লির সরকার দিচ্ছে না। আপনারা বিজেপির প্রার্থীকে জিজ্ঞাসা করুন। তিনি ওই টাকা দেওয়ার জন্য কি প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন?' অভিষেকের পরামর্শ, 'সিপিএম প্রার্থীর কাছেও জানতে চান তাঁদের দলের তরফে কেউ কি প্রধানমন্ত্রীকে চিঠি লিখেছেন? কিন্তু আমরা আপনাদের প্রাপ্য টাকা আদায় করার জন্য দিল্লিতে গিয়ে আন্দোলন করেছি। দিল্লির পুলিশ আমাদের জনপ্রতিনিধিদের নিগ্রহ করেছে। তখনই আমরা ঠিক করে নিয়েছিলাম, ওরা না দিলেও আমরা নিজেরাই গরিব মানুষের প্রাপ্য টাকা দিয়ে দেব। আর তা দিয়েছি।' অভিষেক মনে করিয়ে দেন, 'একদিকে দিদি দিচ্ছে, অন্যদিকে মোদি নিচ্ছে। একদিকে তৃণমূল দিচ্ছে, অন্যদিকে বিজেপি নিচ্ছে। ওরা শুধু ভোটের সময় আসে। আর ভোট শেষ হয়ে গেলে চলে যায়। অন্য সময় ওদের দেখা পাওয়া যায় না। দিল্লিতে ফিরে গিয়ে রিমোট সুইচ টিপে বাংলার খেটে খাওয়া মানুষের টাকা বন্ধ করে দেয়। আপনারাও ইভিএমের বোতাম টিপে ওদের রাজনৈতিক ভবিষ্যৎ অন্ধকার করে দিন। এটাই ওদের শাস্তি দেওয়ার সুযোগ।' রেমাল ঘূর্ণিঝড়ের প্রসঙ্গ টেনে বলেন, এই বিপদের সময় বিজেপির কেউ এসে খোঁজ নিয়েছে? নেয়নি তো। আমরা নিয়েছি। আমি নিজেও এখানকার কয়েকটি গ্রামপঞ্চায়েতে গিয়ে ব্যবস্থা খতিয়ে দেখেছি। বিপদ হলে ঘরের ছেলেই পাশে থাকে। আর বিজেপি ১০ বছর ধরে ক্ষমতায় আছে। এই ১০ বছরে কোনও বিজেপি নেতাকে দেখা গেছে?' তিনি বলেন, 'আমি কিন্তু খালি কথা বলি না, কাজ করে দেখাই। আগামী ছ'মাসের মধ্যে নলবাহিত জল আপনার বাড়িতে যাবে। কথা দিয়ে যাচ্ছি। আর আমি কথা দিলে কথা রাখি।' তিনি বলেন, 'গত ৫ বছর ধরে অনেক অত্যাচার করেছে কেন্দ্রীয় এজেন্সিকে দিয়ে। একবার ইডি, একবার সিবিআই আমার বিরুদ্ধে লাগিয়েছে। আমার স্ত্রীর বিরুদ্ধে লাগিয়েছে। এমনকী আমার বৃদ্ধ বাবা-মাকেও ছাড়েনি। কিন্তু আমি মাথা নত করিনি।' তিনি বলেন, 'আমতলা বাইপাসের কাজ চলছে। এই লোকসভা কেন্দ্রে ১ কোটি ৫৫ লক্ষ টাকার কাজ হচ্ছে। আমার লক্ষ্য আগামী দিনে ১০ হাজার কোটি টাকার কাজ করে দেখাব।' বেশ জোরের সঙ্গে তিনি জানান, 'আগামী ৪ জুন ভোটের ফল বের হবে। ইন্ডিয়া জোট সরকার দিল্লিতে ক্ষমতায় আসছে। আর ওই সরকার ক্ষমতায় এলেই বাংলার আটকে রাখা বকেয়া টাকা নিয়ে এসে এখানকার মানুষের কাজে খরচ করা হবে।' রেমাল ঘূর্ণিঝড় মোকাবিলা সম্পর্কে তিনি বলেন, 'আমরা ডায়মন্ড হারবার লোকসভা এলাকায় প্রায় ৩০০টি ত্রাণ শিবির খুলেছি। দায়িত্বে দলের বিধায়ক ও ব্লক সভাপতিরা। আমরা ডায়মন্ড হারবারের মানুষদের সুখে নয়, দুঃখের দিনে পাশে থাকতে চাই। আমি নিজে গতকাল কয়েকটি ত্রাণ শিবির ঘুরে দেখেছি। এক সপ্তাহ ধরে ক্ষয়ক্ষতির তালিকা তৈরি করবে প্রশাসন। ১৫ দিন পরে আপনারা ক্ষতিপূরণের টাকা পেয়ে যাবেন। আর বিজেপি, সিপিএম শুধু রাজনীতি করছে। বিপদের দিনে কাউকে পাশে পেয়েছেন?'

অভিষেক ব্যানার্জির জনসভায় উপচে পড়া ভিড়। দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরে, মঙ্গলবার। ছবি: আজকাল

ফর্ম নং এনসিএলটি ৩এ
পিটিশনের বিশদ প্রদান করে বিজ্ঞাপন
[রুল ৩৫]
কোম্পানি পিটিশন (সিএএ) নং ১৫৯/কেবি/২০২৩ সম্পর্কিত
সিএ (সিএএ) নং ৫৫/(কেবি) ২০২৩
সেকশন ২৩০ থেকে ২৩২
পিটিশনের বিজ্ঞপ্তি
কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ২৩০ থেকে ২৩২ অধীনে মহামান্য ট্রাইবুনালের সম্মুখে সুমেরু বাণিজ্য প্রাইভেট লিমিটেড, অ্যাডপ্ট বিনিময় প্রাইভেট লিমিটেড। কৌশল্যা ডিলারস প্রাইভেট লিমিটেড এবং ঋধিরাজ ডিলারস প্রাইভেট লিমিটেড এর একত্রীকরণের স্কিম ৫ অক্টোবর ২০২৩ পেশ করা হয়েছে এবং ন্যাশনাল কোম্পানি লা ট্রাইবুনালের কলকাতা বেঞ্চ সম্মুখে ওই পিটিশনের শুনানির তারিখ স্থির হয়েছে ৩ জুলাই ২০২৪। কোনও ব্যক্তি উক্ত পিটিশনের স্বপক্ষে বা বিপক্ষে মতামত পেশ করলে তা পিটিশনারের অ্যাডভোকেট এর কাছে প্রেরণ করবেন যেখানে তার উদ্দেশ্য সহ নাম ও ঠিকানা এবং তার বা উকিলের স্বাক্ষর সহ জমা করবেন আবেদনকারির অ্যাডভোকেটের কাছে শুনানির কমপক্ষে দুইদিন আগে। যদি তিনি পিটিশনের বিরোধিতা করতে চাইছেন সেক্ষেত্রে বিরোধিতার কারণ বা হলফনামার কপি প্রদান করতে হবে। নিম্নস্বাক্ষরকারী মাশুল প্রদান করে প্রয়োজনে পিটিশনের কপি প্রদান করবেন।
(স্বাঃ/-)
সিএস অনিল কুমার দুবে
(পিটিশনারগণের পক্ষে অনুমোদিত প্রতিনিধি)
ঠিকানা: ১৩ ক্রুকড লেন, অজিত সেন ভবন, ৪র্থ ফ্লোর, কলকাতা-৭০০০৬৯
তারিখ: ২৯.০৫.২০২৪

কম খরচে D.Pharm কোর্সে ভর্তি চলিতেছে
Session -2024-2026
যারা অন্যের রেজিস্ট্রেশন / লাইসেন্স ভাড়া নিয়ে ঔষধের দোকান চালাচ্ছেন তাদের জন্য সুবর্ন সুযোগ। দু বছরের D.Pharmacy কোর্স করে সারা জীবনের জন্য নিজের নামে রেজিস্ট্রেশন / লাইসেন্স করে নিন। ঔষধ প্রস্তুত কারক কোম্পানী গুলিতে চাকুরীর জন্য প্রস্তুত হন। NIOS, BBOS থেকে সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলেও ভর্তি হতে পারবেন।উচ্চমাধ্যমিকে আর্টস থাকলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন, আমরাই আপনাকে সায়েন্স নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করিয়ে 2024-2026 Session এ D.Pharm কোর্স করানোর ব্যবস্থা করব।D.Pharm কোর্স করার জন্য যোগাযোগ করুন-
Pharmacy Council of India থেকে স্বীকৃত ও West Bengal State Council of Technical & Vocational and Skill Development (Technical Education) দ্বারা অনুমোদিত পশ্চিম মেদিনীপুর (মেদিনীপুর শহর সংলগ্ন পাঁচখুড়ি) ও ঝাড়গ্রাম (কুলটিকরী) জেলায় নিম্নলিখিত দুটি কলেজে ভর্তি চলিতেছে।
RISHI AUROBINDO INSTITUTE
PHARMACY COLLEGE
Vill+P.O-Panchkhuri, P.S.-Kotwali, Dist. -Paschim Medinipur, Pin-721150
এবং
LALITA BARIK MEMORIAL INSTITUTE
PHARMACY COLLEGE
Vill+P.O-Kultikri, P.S.-Sankrail, Dist. -Jhargram, Pin-721135
Regd. Office Address: B-7, Aurobindo Nagar, Judges' Court Road P.O.- Midnapore, P.S.-Kotwali, Dist.-Paschim Medinipur, Pin - 721101
Contact No: 9933722796, 7001750735, 9830249999, 9434341327, 8918512166

দমদম লোকসভা কেন্দ্রের প্রার্থী সৌগত রায় ও বরানগর বিধানসভা উপনির্বাচনে প্রার্থী সায়ন্তিকা ব্যানার্জির সমর্থনে সভায় বক্তব্য পেশ করছেন কুণাল ঘোষ। রয়েছেন মদন মিত্র, কামারহাটির পুরপ্রধান গোপাল সাহা। বরানগরে, মঙ্গলবার। ছবি: আজকাল

তড়িদাহত হয়ে মৃত্যু

আজকালের প্রতিবেদন

জঙ্গল পরিষ্কার করতে গিয়ে জমা জলে তড়িদাহত হয়ে মৃত্যু হল এক সাফাই কর্মীর। তারাতলায় ইন্ডিয়ান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ে তিনি কাজ করছিলেন। নাম মনোহর রজক। খবর পেয়ে তারাতলা থানার পুলিশ আসে। সিইএসসি-র কর্মীরা এসে বিদ্যুৎ সংযোগ ছিন্ন করেন। আহত হয়েছেন আরও একজন কর্মী। তাঁকে বিদ্যাসাগর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

Binani
BRAJ BINANI GROUP

বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড

রেজিস্টার্ড অফিস: ৩৭/২, চিনার পার্ক, নিউ টাউন, রাজারহাট মেন রোড, পোঃঅঃ- হাতিয়াড়া, কলকাতা-৭০০১৫৭, ভারত
কর্পোরেট অফিস: মার্কেন্টাইল চেম্বারস, ১২, জে এন হেরেডিয়া মার্গ, ব্যালার্ড এস্টেট, মুম্বই- ৪০০০০১
CIN No.: L24117WB1962PLC025584

৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও বছরের নিরীক্ষিত স্বতন্ত্র ও পুঞ্জীভূত আর্থিক ফলাফলের সংক্ষিপ্তসার

(শেয়ার প্রতি তথ্য বাদে লক্ষ টাকার অঙ্কে)

ক্রম নং	বিবরণ	স্বতন্ত্র					পুঞ্জীভূত				
		সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর		সমাপ্ত ত্রৈমাসিক			সমাপ্ত বছর	
		৩১.০৩.২০২৪	৩১.১২.২০২৩	৩১.০৩.২০২৩	৩১.০৩.২০২৪	৩১.০৩.২০২৩	৩১.০৩.২০২৪	৩১.১২.২০২৩	৩১.০৩.২০২৩	৩১.০৩.২০২৪	৩১.০৩.২০২৩
		নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	অনিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত	নিরীক্ষিত
১	কারবার থেকে মোট আয়	২৮	০	১২৪	২৮	২৩৬	২৮	০	১২৪	২৮	২৩৬
২	মোট খরচ	৭৫	১৮৫	৯৬৬৭	৬১২	৯৯৭৪	২০৬	৪২২	১৪৬৭৭	৭৪৩	১৫৩০৭
৩	সংশ্লিষ্ট মেয়াদে কর-পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের আগে]	(৪৭)	(১৮৫)	(৯৫৪৩)	(৫৮৪)	(৯৭৩৯)	(১৭৮)	(৪২২)	(১৪৫৫৩)	(৭১৫)	(১৫০৭১)
৪	সংশ্লিষ্ট মেয়াদে কর-পূর্ব নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে]	(৪৭)	(১৮৫)	(৯৫৪৩)	(৫৮৪)	(৯৭৩৯)	(১৭৮)	(৪২২)	(১৪৫৫৩)	(৭১৫)	(১৫০৭১)
৫	সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী নেট মুনাফা/(ক্ষতি) [ব্যতিক্রমী এবং/বা বিশেষ দফাসমূহের পরে]	(৪৭)	(১৮৫)	(৯৫৪৩)	(৫৮৪)	(৯৭৩৯)	(১৭৮)	(৪২২)	(১৪৫৫৩)	(৭১৫)	(১৫০৭১)
৬	সংশ্লিষ্ট মেয়াদে মোট বোধগম্য আয়/(ক্ষতি) [সংশ্লিষ্ট মেয়াদে কর-পরবর্তী মুনাফা এবং কর-পরবর্তী অন্যান্য বোধগম্য আয় অন্তর্ভুক্ত করে]	(৪৭)	(১৮৫)	(৯৫৪৩)	(৫৮৪)	(৯৭৩৯)	(১৭৮)	(৪২২)	(১৪৫৫৩)	(৭১৫)	(১৫০৭১)
৭	আদায়ীকৃত ইকুইটি শেয়ার মূলধন (প্রতিটি শেয়ারের অভিহিত মূল্য ₹১০/-)	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	২০
৮	রিজার্ভ (পুনর্মূল্যায়ণ রিজার্ভ বাদে)				(২২,৪৪৪)	(২১,৮৪৩)				(২২,৪৪৬)	(২১,৮৪৩)
৯	শেয়ার প্রতি আয় (ইপিএস) (প্রতিটি ₹১০/-) (বার্ষিকীকৃত নয়)										
	(ক) ব্যতিক্রমী দফাসমূহের আগে- বুনিয়াদি ও মিশ্রিত	(০.১৫)	(০.৫৯)	(৩০.৪২)	(১.৮৬)	(৩১.০৫)	(০.৫৭)	(১.৩৫)	(৪৬.৪০)	(২.২৮)	(৪৮.০৫)
	(খ) ব্যতিক্রমী দফাসমূহের পরে- বুনিয়াদি ও মিশ্রিত	(০.১৫)	(০.৫৯)	(৩০.৪২)	(১.৮৬)	(৩১.০৫)	(০.৫৭)	(১.৩৫)	(৪৬.৪০)	(২.২৮)	(৪৮.০৫)

দ্রষ্টব্য:
১. উপরিলিখিত বিবৃতিটি সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ মোতাবেক স্টক এক্সচেঞ্জসমূহে পেশ করা ত্রৈমাসিক/বার্ষিক আর্থিক ফলাফলের বিশদ খতিয়ানের সংক্ষিপ্তসার। এই নিরীক্ষিত আর্থিক ফলাফলের সম্পূর্ণ বয়ান কোম্পানির ওয়েবসাইট www.binaniindustries.com-সহ বিএসই (www.bseindia.com), এনএসই (www.nseindia.com) বা সিএসই (www.cse-india.com)-এর ওয়েবসাইটেও উপলব্ধ রয়েছে।
২. ৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত ত্রৈমাসিক ও বছরে কোম্পানির স্বতন্ত্র ও পুঞ্জীভূত নিরীক্ষিত আর্থিক ফলাফলগুলি ২৭ মে, ২০২৪ আয়োজিত নিজ নিজ সভায় অডিট কমিটি দ্বারা পর্যালোচিত এবং পরিচালকমণ্ডলী দ্বারা অনুমোদিত হয়েছে।

পর্ষদের আদেশ অনুসারে
বিনানি ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর পক্ষে
স্বাঃ-
অর্চনা মনোজ শ্রফ
ম্যানেজিং ডিরেক্টর
DIN: 10479683

স্থান: মুম্বই
তারিখ: ২৭ মে, ২০২৪